

# জুলাই-আগস্টে হত্যাকারীদের বিচারের দাবিতে গণস্বাক্ষর, উদ্বোধন করলেন ভিসি নিজেই

ত্রিশাল (ময়মনসিংহ) প্রতিনিধি



গণস্বাক্ষর কর্মসূচিতে স্বাক্ষর করছেন বিশ্ববিদ্যালয়ে উপাচার্য প্রফেসর ড. মো. জাহাঙ্গীর আলম। ছবি : সংগ্রহীত

২০২৪ সালের জুলাই-আগস্টের গণ-অভ্যর্থনে নিহতদের হত্যাকারীদের বিচারের দাবিতে জাতীয় কবি

কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে গণস্বাক্ষর কর্মসূচি। সোমবার (৭ জুলাই) সকালে এ কর্মসূচির উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. জাহাঙ্গীর আলম।

গণস্বাক্ষর কর্মসূচিটি জুলাই-আগস্ট ২০২৪ গণ-অভ্যর্থনারের এক বছর পূর্তি উপলক্ষে মাসব্যাপী পালিত কর্মসূচির অংশ হিসেবে হাতে নেওয়া হয়েছে। উদ্বোধনী বক্তব্যে উপাচার্য বলেন, ‘জুলাই-আগস্ট আন্দোলনে প্রথমে শিক্ষার্থীরা, পরে সর্বস্তরের জনগণ একত্রিত হয়ে যে ঐক্যের মাধ্যমে একটি নতুন বাংলাদেশ গড়ে তুলেছে, সেই ঐক্যকে ধরে রেখেই আমাদের এগিয়ে যেতে হবে।

বৈষম্যমুক্ত সুন্দর বাংলাদেশ গঠনে একতার শক্তি সবচেয়ে বড় হাতিয়ার।’

### আরো পত্রন



নজরুল বিশ্ববিদ্যালয়ে নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের ১৬ নেতাকর্মীকে  
বহিক্ষার

তিনি আরো বলেন, ‘আন্দোলনে অংশ নিয়ে আহত শিক্ষার্থীদের বিভিন্ন সময় আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে তাদের জন্য কোটাসহ ভর্তি ফি মওকুফের ব্যবস্থা করা হয়েছে।’

উদ্বোধনী আয়োজনে গণস্বাক্ষর বইতে আরো স্বাক্ষর করেন ট্রেজারার প্রফেসর ড. জয়নুল আবেদীন সিদ্দিকী, কলা অনুষদের ডিন প্রফেসর ড. মোহাম্মদ ইমদাদুল হুদা, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মো. বখতিয়ার উদ্দিন, ব্যবসায় প্রশাসন অনুষদের ডিন প্রফেসর ড. সাখাওয়াত হোসেন

সরকার, আইন অনুষদের ডিন মুহাম্মদ ইরফান আজিজ, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মো.

মিজানুর রহমানসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীরা।

গণস্বাক্ষর কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য দেন গণ-অভ্যর্থন স্মরণ কমিটির আহ্বায়ক ও কলা

অনুষদের ডিন প্রফেসর ড. মোহাম্মদ ইমদাদুল হুদা। সঞ্চালনায় ছিলেন কমিটির সদস্যসচিব ও

লোকপ্রশাসন বিভাগের সহকারী অধ্যাপক মো. অলি উল্লাহ। এই গণস্বাক্ষর কর্মসূচি চলতি বছরের

আগামী ১ আগস্ট পর্যন্ত চলবে।